দৈনিক
ইনকিলাব

তারিখ 03 MAR 2007
পৃষ্ঠা ৮ কলাম ৬

# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

বিসমিল্লাহির রাহমানির রাহিম

**পবিত্র কোরআন পাকে আল্লাহ বলেছেন–**

- "তারাই মুত্তাকী, যারা আমানত ও প্রতিশ্রুতি রক্ষা করে"।
- "হে ঈমানদারগণ তোমরা চুক্তিসমূহ পূর্ণ কর"।
- "ধোঁকাবাজরা নিজেদের ব্যতীত অন্য কাউকে ধোঁকা দিচ্ছে না, কিন্তু তারা তা জানে না"।
- "তোমরা জেনে-শুনে সত্যকে মিথ্যার সাথে মিশ্রিত কর না এবং সত্যকে গোপন কর না"।

**মহানবী হযরত মুহাম্মাদ (সাঃ) বলেন–**

- "কিয়ামতের দিন সকল প্রতারকের পতাকা থাকবে, যার দ্বারা সে প্রতারকরূপে পরিচিতি লাভ করবে"।
- "আল্লাহ যা হারাম করেছেন তা সামান্য কৌশলের সাহায্যে হালাল করতে যেও না"।
- "যে প্রতারণা করে সে আমার উম্মতের অন্তর্ভুক্ত নয়"।

## *সম্মানিত মুদাররিসীন কিরাম/শিক্ষকমণ্ডলী*

**আস্‌সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।**

আপনারা জানেন যে, আসছে ৮ মার্চ, ২০০৭ তারিখ থেকে মাদরাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষা শুরু হতে যাচ্ছে। এখানে উল্লেখ্য যে, বিগত কয়েক বছরে বোর্ড/বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষায় অবাধ নকল প্রবণতা বন্ধকরণে সামাজিক আন্দোলন গড়ে তোলার ফলে পাবলিক পরীক্ষায় নকলপ্রবণতা অনেকাংশে হ্রাস পেয়েছে। নকলের সয়লাবে দেশের শিক্ষা ব্যবস্থায় চরম ধস নেমেছিল। সচেতন সুধী সমাজ দেশের ভয়ংকর ভবিষ্যৎ চিন্তা করে হতাশা ও নিরাশায় ভুগছিলেন। সমাজের সচেতন মহল এ ব্যাপারে জনমত গঠনের জন্য দেশের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত নিরলসভাবে আলোচনা সভা, পরামর্শ বৈঠক ও পারস্পরিক মতবিনিময় অনুষ্ঠান ইত্যাদির মধ্য দিয়ে জনমত গঠনের ব্যবস্থা করেন। দেশের সকল স্তরের সচেতন সুধী সমাজ এ মহৎ পদক্ষেপকে অভিনন্দন জানান। সম্মানিত মুদাররিসীন কিরাম, পরীক্ষার হলে নকলমুক্ত ও সুষ্ঠু পরিবেশ গঠনে আমরা অনেকটা সফলতার দ্বারপ্রান্তে পৌছেছি। পরীক্ষার হলে প্রবেশকালে পরীক্ষার্থীদের দেহ তল্লাশী, পরীক্ষার হলে নকল করতে দেখলে এমনকি দুর্ধর্ষ প্রকৃতির মাস্তান পরীক্ষার্থীকে বহিষ্কারকরণ এরকম অনেক ঝুঁকিপূর্ণ কাজের দায়িত্ব আপনারা পালন করেছেন। এ জন্য আমি আপনাদেরকে আন্তরিক ধন্যবাদ ও মোবারকবাদ জ্ঞাপন করছি। তবে এখনও কিছু কিছু কেন্দ্রে নকলপ্রবণতা রয়ে গেছে। এসব কেন্দ্র থেকে নকলপ্রবণতা সম্পূর্ণভাবে বন্ধ করতে হবে। সতরাং, আসন্ন দাখিল পরীক্ষা-২০০৭ অনুষ্ঠানে দায়িত্ব পালনে অবহেলাকারীর বিরুদ্ধে আরও কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে। মহানবী (সাঃ) বলেছেন, আলিম-উলামাগণ নবীগণের উত্তরাধিকারী। কুরআন মাজীদ, হাদীস, তাফসীর, ফিকহ ইত্যাদি ইসলামী শিক্ষা দানের বিদ্যাপীঠ মাদরাসাগুলোর মুদাররিসীন/শিক্ষকমণ্ডলী আপনারা নবীগণের এ যুগের উত্তরাধিকারী। আপনারা জানেন পরীক্ষা অনুষ্ঠান একটি পবিত্র আমানত। পরীক্ষা হলে নকল বা অসদাচরণ বন্ধকরণে অর্পিত দায়িত্ব একটি আমানত। এ দায়িত্বে অবহেলা করা সেই পবিত্র আমানতের খেয়ানত হবে। সুতরাং আসন্ন দাখিল পরীক্ষায় নকলপ্রবণতা বন্ধকরণে আরও কঠোরভাবে দায়িত্ব পালন করা আমাদের জন্য অপরিহার্য বলে আমি মনে করি। পরীক্ষার হলে নকলমুক্ত সুষ্ঠু পরিবেশ গঠনের জন্য সম্মানিত উলামায়ে কিরাম মুদাররিসীন ছাত্র নেতৃবৃন্দ, অভিভাবকমণ্ডলী, এলাকার সুধী ও সচেতন জনগণকে নিয়ে আলোচনা সভা, পরামর্শ বৈঠক ইত্যাদির মধ্য দিয়ে জনমত গঠনের ব্যবস্থা করা প্রয়োজন।

আশা করি ইনশাআল্লাহ এ মহৎ কাজে আমরা সার্বিকভাবে সফল হব।

পরীক্ষায় নকল করে কোনদিন কোন জাতি উন্নতি করতে পারেনি। পরীক্ষায় নকলকারী ও নকলে সহায়তাকারী উভয়ের জন্যেই হবে দৃষ্টান্তমূলক শাস্তি। পরীক্ষায় নকল পরিহার করে নকলমুক্ত পরীক্ষা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণের জন্যে সবাইকে জানাই উদাত্ত আহ্বান।

আল্লাহ হাফিজ

**প্রফেসর মোঃ ইউসুফ**
চেয়ারম্যান
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৮৬২৫৯২১

পি-৯৯৭/০৭(৪"X৩)
P-87121.